দৈনিক সংবাদ
তারিখ ০৯ AUG 1995
পৃষ্ঠা ৫ কলাম ৩

# অবশেষে সাভার কলেজ সরকারিকরণ করা হচ্ছে

সাভার (ঢাকা), ৮ই আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।– অবশেষে সাভার কলেজকে সরকারিকরণ করা হচ্ছে। সম্প্রতি সাভার কলেজকে সরকারিকরণের প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ ব্যাপারে গত ১৯শে জুলাই প্রধানমন্ত্রীর সচিবালয় থেকে শিক্ষা সচিবকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ পাঠানো হয়েছে।

১৯৬৭ সালে প্রতিষ্ঠিত সাভার কলেজকে সরকারিকরণের প্রতিশ্রুতি ১৯৭৮ সাল থেকে প্রতিটি সরকারের আমলেই ঘোষিত হয়েছে। ১৯৮৪ সালে শিক্ষা মন্ত্রণালয়ে সিদ্ধান্ত গৃহীত হলেও এ কলেজ সরকারিকরণ করা হয়নি। ১৯৮৭ ও ১৯৯২ সালে দু'দুবার স্থানীয় সাংসদরা জাতীয় সংসদে বিষয়টি উথাপন করেন। ১৯৯১ সালে প্রধানমন্ত্রী এবং ১৯৯৩ সালে শিক্ষামন্ত্রী কলেজে এসে কলেজটি সরকারিকরণের প্রতিশ্রুতি দেন; কিন্তু তখন প্রতিশ্রুতি পালন করা হয়নি। অবশেষে গত ২২শে জুন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এই কলেজ মাঠে বিএনপি'র জনসভায় পর্যায়ক্রমে এ কলেজকেও সরকারিকরণ করা হবে বলে পুনরায় প্রতিশ্রুতি দিয়েছিলেন।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, প্রধানমন্ত্রীর দেয়া প্রতিশ্রুতিসমূহ অবিলম্বে বাস্তবায়নের লক্ষ্যে প্রধানমন্ত্রীর সচিবালয় থেকে গত ১৯শে জুলাই পাঠানো এক চিঠিতে সাভার কলেজ সরকারিকরণ, সাভার–নয়ারহাট ও কর্ণপাড়া থেকে বলিয়ারপুর–সাধাপুর–চাকুলিয়া পর্যন্ত রাস্তার উন্নয়ন এবং আশুলিয়া–রুস্তমপুর রাস্তায় তুরাগ নদীর ওপর একটি ব্রিজ নির্মাণের জন্য নির্দেশ দেয়া হয়েছে।